



আওয়ামী পরিবারে স্থিতি,
গঠনতন্ত্র পরিপন্থি কাজে লিপ্ত
থাকার অভিযোগে যুক্তরাষ্ট্র
আ-লীগের সভাপতি খালিদ
হাসানকে অব্যাহতি



ওয়াশিংটনের ডালাস এয়ারপোর্টে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের দুই গ্রুপের মুখমুখী অবস্থান, ক্ষুব্ধ কণ্ঠে হাসিনা জানতে চাইলেন “কে পুলিশকে খবর দিয়েছে?”

ডিওবিডি, ওয়াশিংটন ডিসি থেকে: শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে ফিরেছেন। গত ২৪ জুলাই বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসির ডালাস এয়ারপোর্টে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা, পুত্র সজিব ওয়াজেদ জয়, পুত্রবধু ক্রিস্টিনা জয়, নাতনী সোফিয়া এবং সফরসঙ্গি ডঃ হাসান মাহমুদ অবতরণ করলে তাকে স্পাগত জানান বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সাব কমিটির সহ-সম্পাদক আব্দুস সোবহান গোলাপ। ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের পলিটিক্যাল মিনিস্টার গোলাম সারওয়ারসহ দূতাবাসের অন্যান্য কর্মকর্তারাও এসেছিলেন শেখ হাসিনাকে অভ্যর্থনা জানাতে। এইসময় এয়ারপোর্টে বিপুল সংবর্ধনা জানাতে শতশত যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতাকর্মীদের গগন বিদারী শ্লোগানে “শেখ হাসিনার আগমন, শুভেচ্ছা স্বাগতম”, “খালেদ হাসান সাসপেন্ড”, (বাকি অংশ ১৪ এর পাতায়)

এনা, নিউইয়র্ক থেকে: গঠনতন্ত্র বিরোধী এবং সংগঠন বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত থাকার স্পষ্ট অভিযোগে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি খালিদ হাসানকে অব্যাহতি প্রদানের প্রস্তাব গৃহিত হয় ১৩ জুলাই অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কার্যকরী কমিটির সভায়। এ প্রস্তাবটি সভানেত্রী শেখ হাসিনার অনুমোদন না পাওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব অর্পণ করা হয় সিনিয়র সহসভাপতি এম ফজলুর রহমানকে। এ সময় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সিনিয়র সদস্য হাজী ফৈয়াজ আলী এবং ডঃ সিদ্দিকুর রহমান উপস্থিত ছিলেন। সাংগঠনিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের এ সভায় সভাপতিত্ব করেন সহসভাপতি এম ফজলুর রহমান এবং পরিচালনা (বাকি অংশ ৯ এর পাতায়)



১৫ই আগস্ট ঢাকায়
থাকতে চান না শেখ
হাসিনা

ডিওবিডি, নিউইয়র্ক থেকে: আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ১৫ই আগস্টের আগে ঢাকায় থাকতে চান না। এ কারণে সম্ভবত তিনি (বাকি অংশ ১৪ এর পাতায়)

স্টেট ডিপার্টমেন্টে হাসিনার সাথে বৈঠকে রিচার্ড
বাউচার বলেন নির্বাচিত সরকার রাষ্ট্র পরিচালনায়
অধিষ্ঠিত হউক এটাই চায় যুক্তরাষ্ট্র, অন্য কিছু নয়

এনা, ওয়াশিংটন ডিসি থেকে: স্টেট ডিপার্টমেন্টে শেখ হাসিনার সাথে যুক্তরাষ্ট্রের সহকারী পররাষ্ট্র মন্ত্রী রিচার্ড এ বাউচারের বৈঠকের সময় মিঃ বাউচার পুনরায় জোর দিয়ে বলেন যে, নির্বাচিত সরকার রাষ্ট্র পরিচালনায় অধিষ্ঠিত হউক এটাই চায় যুক্তরাষ্ট্র, অন্য কিছু মানবো না। মিঃ বাউচার বলেন, বাংলাদেশের (বাকি অংশ ২৮ এর পাতায়)

১৫ আগস্ট জাতীয় শোক
দিবস ও সরকারি ছুটি বহাল

ডিওবিডি, ঢাকা থেকে: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও সাধারণ সরকারি ছুটি বাতিল সংক্রান্ত বিএনপি-জামায়াত জোট সরকারের প্রজ্ঞাপন অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট। বিচারপতি (বাকি অংশ ৫ এর পাতায়)

তারেক রহমানের ওপর অমানবিক নির্যাতনের
চিত্র তুলে ধরে ইইউ মানবাধিকার আদালতে
স্মারকলিপি প্রদান

ডিওবিডি, লন্ডন থেকে: ইইউর মানবাধিকার আদালতে জার্মানি বিএনপির স্মারকলিপি প্রদান বাংলাদেশ জাতীয়তাবাদী দল জার্মানি শাখা তারেক রহমানের ওপর অমানবিক নির্যাতনের চিত্র তুলে ধরে ইউরোপিয়ান ইউনিয়নের মানবাধিকার আদালত স্টাসেনবুর্গে স্মারকলিপি প্রদান করেছে। এতে নেতৃত্ব দেন জার্মানি বিএনপির সভাপতি দেওয়ান শফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক (বাকি অংশ ৫ এর পাতায়)

তারেক রহমানের সুচিকিৎসার
দাবিতে যুক্তরাজ্য বিএনপি
হাইকমিশন ঘেরাও করবে

ডিওবিডি, যুক্তরাজ্য থেকে: যুক্তরাজ্য বিএনপি ঘোষণা দিয়েছেন যে অনতিবিলম্বে তারেক রহমানকে উন্নত চিকিৎসার জন্য যদি বিদেশে না পাঠানো হয় এবং বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি দেয়া না হয়, তাহলে তারা প্রবাসী বাংলাদেশীদের নিয়ে (বাকি অংশ ৫ এর পাতায়)

বাউচারের সঙ্গে হাসিনার বৈঠক

ওয়াশিংটন বাংলা ডেস্ক রিপোর্ট: চিকিৎসার জন্য সাময়িক মুক্তি নিয়ে যুক্তরাষ্ট্রে অবস্থানরত শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন সে দেশের দক্ষিণ এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী রিচার্ড বাউচার। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় শুক্রবার ১১টায় ওয়াশিংটনে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরে ওই বৈঠক হয় বলে জানিয়েছেন আওয়ামী লীগ সভানেত্রীর বিশেষ সহকারী ড. হাসান মাহমুদ। হাসান মাহমুদ বাংলাদেশ সময় আজ বেলা পৌনে ১২টায় ওয়াশিংটন থেকে ফোনে বলেন, রিচার্ড বাউচার বলেছেন, বাংলাদেশের সরকার পরিচালনায় (বাকি অংশ ২৮ এর পাতায়)

২৪ আগস্ট বাংলাদেশ এসোসিয়েশন অব আমেরিকা
ইনক্ ওয়াশিংটন ডিসি'র সাধারণ সভা

ডিওবিডি, ওয়াশিংটন ডিসি থেকে: আগামী ২৪শে আগস্ট রবিবার বাংলাদেশ এসোসিয়েশন অব আমেরিকা ইনক্ ওয়াশিংটন ডিসি'র সাধারণ সভা অনুষ্ঠিত হবে। গত ১১ জুলাই এসোসিয়েশনের সভাপতি করিম সালাউদ্দিনের বাসভবনে এসোসিয়েশনের কার্যকরী কমিটি, নির্বাচন কমিশন ও আসন্ন নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের সমন্বয়ে অনুষ্ঠিত এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে বর্তমান কার্যকরী কমিটিকে আরো ১২০ দিনের জন্য এসোসিয়েশনের কার্য পরিচালনার দায়িত্ব দেয়া হয়। এছাড়া (বাকি অংশ ১১ এর পাতায়)

একাত্তরের গণহত্যার ঘটনার স্মৃতি ও নিন্দা
জানানোর উদ্যোগ নিচ্ছেন মার্কিন কংগ্রেসম্যানরা

বর্ণমালা নিউজ, নিউইয়র্ক থেকে- ১৯ জুলাই: ৩৭ বছর পর একাত্তরে বাঙ্গালী জাতির বিরুদ্ধে পাকিস্তানী সামরিক বাহিনী দ্বারা সংগঠিত গণহত্যার ঘটনাটিকে ইউএস কংগ্রেসে সর্ব সম্মতিক্রমে আনুষ্ঠানিকভাবে নিন্দা জানানোর পাশাপাশি একে মানব ইতিহাসের বর্বরতম ঘটনা হিসাবে স্মৃতি দেবার বিষয়ে তাদের উদ্যোগ গ্রহণের কথা জানিয়েছেন রিপাবলিকান প্রভাবশালী কংগ্রেসম্যান ও কংগ্রেসে হোমল্যান্ড সিকিউরিটি বিষয়ক কমিটির (বাকি অংশ ১৪ এর পাতায়)

ওয়াশিংটন বাংলা

ওয়াশিংটন থেকে প্রকাশিত সর্বপ্রথম

বাংলা পত্রিকা



ওয়াশিংটন বাংলা পড়ুন
ওয়াশিংটন বাংলা'য় লিখুন
ওয়াশিংটন বাংলা'য় বিজ্ঞাপন দিন

